

বিজ্ঞপ্তি

১ম বর্ষে জেনারেল কোর্সে অনলাইনে ভর্তি প্রক্রিয়া (দ্বিতীয় এবং চূড়ান্ত পর্যায়)

যে সমস্ত ইচ্ছুক ছাত্র-ছাত্রী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এই কলেজে ১ম বর্ষে ভর্তি হওয়ার জন্য অনলাইনে রেজিস্ট্রেশন করেছো, কিন্তু মেরিট-লিস্ট অনুযায়ী নির্দিষ্ট দিনে ভর্তি হতে পারোনি, এবং যারা এখনও পর্যন্ত অনলাইনে রেজিস্ট্রেশন করেনি, তাদের জানানো যায় যে, আগামী ০২.০৭.২০১৭ থেকে ০৫.০৭.২০১৭ তারিখের মধ্যে ২০০ (দুই শত) টাকা জমা দিয়ে পদ্ধতি অনুযায়ী অনলাইনে ভর্তির জন্য রেজিস্ট্রেশন করতে হ'বে। পূর্বে যারা অনলাইনে রেজিস্ট্রেশন করেছো, তাদেরও পুনরায় ২০০ (দুই শত) টাকা দিয়ে রেজিস্ট্রেশন করতে হ'বে।

দ্বিতীয় পর্যায়ের জেনারেল কোর্সে ভর্তি প্রক্রিয়ার জন্য মেরিট-লিস্ট প্রকাশিত হবে ০৭.০৭.২০১৭ তারিখে। এই পর্যায়ে মেরিট-লিস্ট অনুযায়ী ভর্তি চালু থাকবে ০৭.০৭.২০১৭ থেকে ০৯.০৭.২০১৭ পর্যন্ত। এই পর্যায়ে জেনারেল কোর্সে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের ভেরিফিকেশন কলেজে আগামী ১২.০৭.২০১৭ তারিখে করা হ'বে।